# জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

জবি/প্রশা-১৩(২)/২০০৮/৯০ তারিখঃ ২২ জানুয়ারি ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে Online-এ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.hrm.erp.jnu.ac.bd/employee_online_application) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম. | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কে.-২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরীক্ষা নিয়ন্ত্রক<br>টাকা=৫৬,৫০০-৭৪,৪০০/-<br>(জা.বে.স্কেল ২০১৫ এর গ্রেড-৩) | ১<br>(এক)<br>টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৮(আঠার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক পদে ৫০,০০০-৭১২০০-বেতনক্রমে দুই বছরের অভিজ্ঞতাসহ ৪৩,০০০-৬৯,৮৫০/- বেতনক্রমে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/ সমমান পদে কমপক্ষে ছয় বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে ন্যূনতম আট বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২. | উপ-গ্রন্থাগারিক<br>টাকা=৪৩,০০০-৬৯,৮৫০/-<br>(জা.বে.স্কেল ২০১৫ এর গ্রেড-৫) | ১<br>(এক)<br>টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১০(দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ২৯,০০০/-(জাঃ বেঃ স্কেল-২০১৫) বেতনক্রমে সহকারী-গ্রন্থাগারিক বা সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) পাবলিক বিশ্ববিদ্যায়ে শিক্ষা সংক্রান্ত কাজে প্রশাসনিক অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩. | ফিজিওথেরাপিস্ট (পুরুষ)<br>টাকা=২২,০০০-৫৩,০৬০/-<br>(জা.বে.স্কেল ২০১৫ এর গ্রেড-০৯) | ১<br>(এক)<br>টি | ক) কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি এবং স্বীকৃত/অনুমোদিত হাসপাতাল/প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তবে, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং অধিকতর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>খ) শিক্ষা জীবনে কোনো ক্ষেত্রে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) বয়স সর্বোচ্চ ৪০ বছর। |
| ৪. | সেকশন অফিসার (গ্রেড-১)<br>(ছাত্রী হল)<br>টাকা=২২,০০০-৫৩,০৬০/-<br>(জা.বে.স্কেল ২০১৫ এর গ্রেড-৯) | ১<br>(এক)<br>টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্মকর্তা পদে কমপক্ষে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।<br>ঙ) বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৫. | সেকশন অফিসার (গ্রেড-২)<br>টাকা=১৬,০০০-৩৮,৬৪০/-<br>(জা.বে.স্কেল ২০১৫ এর গ্রেড-১০) | ০২<br>(দুই)<br>টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।<br>ঘ) বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৬. | স্টোর অফিসার<br>টাকা=১৬,০০০-৩৮,৬৪০/-<br>(জা.বে.স্কেল ২০১৫ এর গ্রেড-১০) | ১<br>(এক)<br>টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।<br>ঘ) বয়স সর্বোচ্চ ৩২ বছর। |

**সাধারণ শর্তাবলী :**

১. শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- এর সত্যায়িত প্রতিলিপি, জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে online -এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ ০৮(আট) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র ০৫/০৩/২০২৬ তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি) পৌছাতে হবে।

২. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

৩. ক্রমিক ১নং পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা এবং ক্রমিক ২-৬নং পদের জন্য ৪০০.০০ (চারশত) টাকা SuerCash, Nagad, Rocket-এর মাধ্যমে Payment করতে হবে।

৪. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৫. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে কেবলমাত্র একটি অনর্জনযোগ্য (Unattainable) যোগ্যতার (বয়স/শিক্ষাগত যোগ্যতায় বিভাগ/শ্রেণি) শর্ত শিথিলযোগ্য।

৭. ক্রমিক-৫ এ বর্ণিত পদের জন্য ০১/১২/২০২১ তারিখের জবি/প্রশা-১৩(২)/২০০৮/২৫০৬ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপন মূলে যারা আবেদন করেছিলো তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

৮. বিজ্ঞাপিত পদে সরাসরি কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপন করার সময় অন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকুরিকালসহ সর্বোচ্চ ১২ বছর গণনা করা হবে।

৯. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।

১০. লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।

22/01/2026

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

CamScanner
CamScanner